ঝিনাইদহে অস্ত্র মামলায় সাবেক উপজেলা চেয়ারম্যানের ১৭ বছর জেল

ঝিনাইদহে অস্ত্র আইনে জামায়াতের সাবেক উপজেলা আমির ও সাবেক উপজেলা পরিষদের চেয়ারম্যান তাজুল ইসলামকে ১৭ বছর কারাদন্ড প্রদান করেছে আদালত।

মঙ্গলবার দুপুরে ঝিনাইদহের সিনিয়র স্পেশাল ট্রাইবুনালের জজ আদালতের বিচারক মো. নাজিমুদ্দৌলা এ রায় দেন। তাজুল ইসলাম কোটচাঁদপুর উপজেলা শহরের পশ্চিমপাড়ার মৃতশামসুদ্দিন মন্ডলের ছেলে।

মামলার বিবরণে জানা যায়, ২০১৭ সালের ২৬ নভেম্বর সন্ধ্যায় তার নিজ বাড়ি জেলার কোটচাঁদপুর উপজেলা শহরের নিজ বাড়িতে নাশকতার উদ্দেশ্যে গোপন বৈঠক করছিলেন। সেসময় পুলিশ সেখানে অভিযান চালিয়ে জামায়াতের আমির তাজুল ইসলামকে আটক করলেও অন্য সঙ্গীরা পালিয়ে যায়।

আটকের পর রাতে তার সীকারোক্তি মোতাবেক তার বাড়ি থেকে একটি দেশি তৈরি এলজি শাটারগান ও ৪ রাউন্ড গুলি উদ্ধার করে পুলিশ। ওই বছরের ১৬ ডিসেম্বর পুলিশ কোটচাঁদপুর থানার পুলিশ তদন্ত শেষে চার্জশীট দাখিল করে। সেই মামলার দীর্ঘ শুনানির পর মঙ্গলবার দুপুরে আদালতের বিচারক মো. নাজিমুদ্দৌলা অস্ত্র আইনের দুটি ধারায় ১০ বছর ও ৭ বছরের সশ্রম কারাদন্ডে দন্ডিত করে রায় দেন।

একই সময় উদ্ধারকৃত অস্ত্র ও ৪ রাউন্ড গুলির কার্তুজ রাষ্ট্রের অনুকূলে বাজেয়াপ্ত করেন।

স্কুলে কম্পিউটার ল্যাব নেই তবুও টাকার বিনিময়ে ল্যাব সহকারী নিয়োগ

বিদ্যালয়ে নেই কম্পিউটার ল্যাব, প্রর্যাপ্ত কমপিউটার। তবুও টাকার বিনিময়ে কমপিউটার ল্যাব সহকারী নিয়োগ দিলেন ওই বিদ্যালয়ে প্রধান শিক্ষক ও সভাপতি।

ঘটনাটি ঝিনাইদহ সদর উপজেলার কালিচরণপুর ইউনিয়নের বালিয়াডাঙ্গা গ্রামের মোসলেম উদ্দিন মাধ্যমিক বিদ্যালয়ে। ল্যাব সহকারী নিয়োগের পর এলাকায় এ নিয়ে তোলপাড় সৃষ্টি হয়েছে।

জানা যায়, জনবল কাঠামো নীতিমালা অনুযায়ী যে সকল প্রতিষ্ঠানে সরকার প্রদত্ত কম্পিউটার ল্যাব চালু আছে সেই সকল প্রতিষ্ঠানে কম্পিউটার ল্যাব সহকারী নিয়োগ দিতে পারবে। কিন্তু মোসলেম উদ্দিন মাধ্যমিক বিদ্যালয়ে সরকারি কোন ল্যাব না থাকা স্বত্ত্বেও কে এম রুবেল নামের একজনকে ল্যাব সহকারী হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে।

ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষক আলিবর্দি বিশ্বাস ও সভাপতি এনামুল কবির বিপ্লব বিপুল পরিমান টাকার বিনিময়ে গত বছরের ৯ মার্চ রুবেল নামের ওই সহকারীকে নিয়োগ দিয়েছে। রুবেল গত বছরের ১২ মার্চ সরকারি বেতনভাতা সুবিধাদীর সাথে যুক্ত হয়েছেন।

এ ঘটনায় জেলা প্রশাসকসহ বিভিন্ন দপ্তরে কালিচরণপুর ইউনিয়নের মহিষাডাঙ্গা গ্রামের হারুন-অর-রশিদ নামের এক ব্যক্তি অভিযোগ দায়ের করেছেন। তিনি এই নিয়োগের ব্যাপারে সুষ্ঠু তদন্ত করে ব্যবস্থা গ্রহণের দাবী জানিয়েছেন।

নিয়োগের ব্যাপারে প্রধান শিক্ষক আলিবর্দি বিশ্বাস বলেন, শেখ রাসেল ল্যাবের বিপরীতে ল্যাব এসিসট্যান্ট নিয়োগ দেয়ার নিয়ম আছে। কিন্তু শেখ রাসেল ল্যাব না থাকায় বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের মাধ্যমে তাকে নিয়োগ দেয়া হয়েছে।

এ ব্যাপারে জেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মুহাম্মদ আব্দুল মালেক বলেন, নিয়োগের ব্যাপারে একটা লিখিত অভিযোগ পেয়েছি। ওই

বিদ্যালয়ে ল্যাব আছে কি না আমার জানা নেই। যেহেতু অভিযোগ এসেছে। সে অনুযায়ী তদন্ত করে ব্যবস্থা নেওয়া হবে।

ঝিনাইদহ জেলা কারাগারে দন্ডপ্রাপ্ত কয়েদির মৃত্যু

ঝিনাইদহ জেলা কারাগারে নারী ও শিশু নির্যাতন দমন মামলায় দন্ডপ্রাপ্ত মিলন লস্কর (৩০) নামে এক কয়েদির মৃত্যু হয়েছে।

আজ সোমবার (২৬ ফেব্রুয়ারি) সকালে হৃদরোগে আক্রান্ত হয়ে তার মৃত্যু হয়। সে ঝিনাইদহ পৌর এলাকার পরবহাটি গ্রামের আতিয়ার লস্করের ছেলে ।

খবরটি নিশ্চিত করেছেন জেলা কারাগারের জেলার মহিউদ্দিন হায়দার। তিনি জানান কারাগারেরর চিত্রা ৩ নং ওয়ার্ডের কয়েদি ছিলেন মিলন। ফজরের নামাজ আদায় শেষে সকাল ৬ টা ৪০ মিনিটের সময় হঠাৎ অসুস্থ্য হয়ে পড়ে সে। দ্রুত তাকে ঝিনাইদহ সদর হাসপাতালে নেওয়া হলে কর্তৃব্যরত চিকিৎসক তার মৃত ঘোষনা করেন। হৃদরোগে আক্রান্ত হয়ে তার মৃত্যু হয়েছে বলে প্রাথমিক ভাবে ধারণা করা হচ্ছে তবে ময়না তদন্তের রির্পোর্টে সঠিক তথ্য জানা যাবে।

তিনি আরও জানান নারী ও শিশু নির্যাতন দমন আইনে গত ২ জানুয়ারি মিলনকে ১৪ বছরের কারাদন্ড প্রদান করেন আদালত। সেই থেকে কারাগারের চিত্রা ৩ নং ওয়ার্ডে রাখা হয়েছিল তাকে। হাসপাতালে ময়না তদন্ত শেষে মরদেহটি পরিবারের কাছে হস্তান্তর করা হবে।

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

‘[redacted]’ [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

ঝিনাইদহের বরুণ হত্যা মামলার পলাতক আসামীকে গ্রেফতার

ঝিনাইদহের চাঞ্চল্যকর বরুণ হত্যা মামলার পলাতক প্রধান আসামীকে গ্রেফতার করেছে র্যাব-৬।

গতকাল শুক্রবার (২৩ ফেব্রুয়ারি) র্যাব-৬, ঝিনাইদহ একটি আভিযানিক দল গোপন তথ্যের মাধ্যমে জানতে পারে যে, বরুণ হত্যা মামলার পলাতক আসামী- মোঃ রাশেদুল ইসলাম ওরফে রাশেদ ঝিনাইদহ জেলার সদর
থানাধীন হামদহ পুলিশ লাইন সংলগ্ন এলাকায় অবস্থান করছে। প্রাপ্ত সংবাদের ভিত্তিতে র্যব-৬ এর আভিযানিক দল ঝিনাইদহ জেলার সদর থানাধীন হামদহ পুলিশ লাইন সংলগ্ন এলাকায় একটি বিশেষ অভিযান পরিচালনা করে উক্ত হত্যা মামলার প্রধান পলাতক আসামী- মোঃ রাশেদুল ইসলাম রাশেদ (৪৭) কে গ্রেপ্তার করে।

গ্রেপ্তারকৃত আসামী প্রাথমিক জিজ্ঞাসাবাদে উক্ত হত্যাকান্ডের সাথে সম্পৃক্ততার কথা স্বীকার করে।

উল্লেখ যে, গত ৯ জানুয়ারী সন্ধ্যায় বরুণ ঘোষকে বাড়ির কাছের দোকান থেকে ডেকে নিয়ে শহরের ঘোষপাড়া ব্রিজ মোড় এলাকার ৫/৭ জন দুর্বৃত্ত তাকে মানুষের সামনে এলোপাতাড়ি কুপিয়ে গুরুতর আহত করে ফেলে রেখে যায়। স্থানীয় লোকজন তাকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। নিহত বরুনের ভাই অরুণ কুমার ঘোষ জানান, দীর্ঘদিন বরুন ঘোষ আওয়ামী লীগের রাজনীতির সঙ্গে জড়িত ছিলেন। এ বিষয়ে ভিকটিম এর স্ত্রী বাদী হয়ে একই দিন ৯ জনের নাম উল্লেখ করে ও অজ্ঞাত নামা আরও নয়/দশ জনকে আসামি করে ঝিনাইদহ সদর থানায় একটি হত্যা মামলা দায়ের করেন।

ঘটনার বিষয়ে র্যাব-৬, ঝিনাইদহ ক্যাম্পের একটি চৌকস আভিযানিক দল ছায়া তদন্ত শুরু করে এবং উক্ত হত্যা মামলার প্রধান আসামীকে গ্রেপ্তারে র্যাবের গোয়েন্দা তৎপরতা অব্যাহত রাখে। সেই ধারাবাহিকায় গ্রেপ্তার করতে সক্ষম হয়। গ্রেপ্তারকৃত আসামিকে ঝিনাইদহ সদর থানায় হস্তান্তর করা হয়েছে।

ঝিনাইদহে এসএসসি‘৯৪ ব্যাচের মাতৃভাষা দিবস পালন ও নতুন কমিটি গঠন

ঝিনাইদহে এসএসসি‘৯৪ বন্ধু ব্যাচের উদ্যোগে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন ও নতুন আহবায়ক কমিটি গঠন করা হয়েছে।শনিবার দুপুরে বন্ধু এসএসসি’৯৪ ব্যাচের কার্যালয়ে এই আলোচনা সভা এবং আহবায়ক কমটি গঠন করা হয়।

আলোচনা সভায় বক্তব্য রাখেন সাজ্জাদুর রহমান খাঁন, সাইফুর রহমান শিপলু, হাবিবুর রহমান, কাজী মোহাম্মদ আলী পিকু,আসাদ মুস্তাফিজ পিটুসহ অন্যান্যরা। আলোচনা শেষে একটি আহবায়ক কমিটি গঠন করা হয়। আহবায়ক কমিটির আহবায়ক নির্বাচিত হন- সাজ্জাদুর রহমান খাঁন,.যুগ্ম-আহ্বায়ক ১. সাইফুর রহমান শিপলু, যুগ্ম- আহ্বায়ক ২. হাবিবুর রহমান শিনু এবং সদস্য সচিব হিসেবে নির্বাচিত হন আসাদ মুস্তাফিজ পিটু।

এছাড়া অন্যান্য সদস্যদের মধ্য থেকে ৫জন নির্বাহী সদস্য এবং বাকীরা সবাই সদস্য হিসেবে রয়েছেন। নতুন আহবায়ক আশাবাদ ব্যক্ত করেন আগামী ৩ মাসের মধ্যে পূনাঙ্গ কমিটি গঠন করা হবে এবং অতিতের ন্যায় সকল সদস্য বন্ধুদের সাথে নিয়ে এলাকার আর্থসামাজিক কর্মকান্ড পরিচালনা করা হবে।

ঝিনাইদহে কোটি টাকার লোকসানে

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

বাওড়ের বাঁধ কেটে দেওয়ায় সমিতির সদস্যদের মধ্যে হতাশা তৈরি হয়েছে।

চলতি সমিতির মেয়াদ শেষ হতে ২ মাস বাকি নতুন সমিতি বুঝে পাওয়া আগে বাঁধ অপসারণে ক্ষতির সম্মুখিন হচ্ছে জেলেরা আর তাইতো জেলেদের কথা ভেবে নিশ্চয়ই সুবিচার করবেন প্রশাসন এমনটাই দাবি ক্ষতিগ্রস্থ দুই সমিতির জেলেদের।

এ ব্যাপারে হরিণাকুন্ডু উপজেলা সহকারী কমিশন (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নিরুপমা রায় বলেন, আমি কিছুই বলতে পারবো না, আপনি ডিসি স্যারের সাথে কথা বলেন।

কোটচাঁদপুরে হাজী সম্মেলন অনুষ্ঠিত

ঝিনাইদহের কোটচাঁদপুরে উপজেলা হাজী সমিতির উদ্দ্যেগে ১৯তম হাজী সম্মেলন ২০২৪ অনুষ্ঠিত হয়েছে। শনিবার (২৪ ফেব্রয়ারী) স্থানীয় সরকারী পাইলট হাইস্কুল চত্ত্বরে এই সম্মেলন অনুষ্ঠিত হয়।

এ হাজী সম্মেলনে সভাপতিত্ব করেন হাজী সমিতির সভাপতি মোঃ গোলাম রসুল। হাজী সমিতির সাধারণ সম্পাদক মোঃ আনুছুরজ্জামান মান্নুর সঞ্চলনায় এ অনুষ্ঠানে বক্তব্য রাখেন,হাজী অধ্যক্ষ মহসীন আলী, প্রফেসর হাজী মোঃ ফয়জুর রহমান,হাফেজ মোঃ নুরুন্নবী আশেকী, হাজী মাওলনা শাহজাহান আলী, হাজী রেজাউল বিশ্বাস, দিগান্তবানী সম্পাদক আলহাজ মুহাঃ শাহজামান,আলহাজ্ব মোঃ অহেদ আলী প্রমূখ।

ঝিনাইদহে ২ দিন ব্যাপী কারাতে সেমিনার ও বেল্ট প্রদান অনুষ্ঠানের উদ্বোধন

‘স্বাস্থ্য আপনার মূল্যবান সম্পাদ’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে শুরু হয়েছে ২ দিন ব্যাপী কারাতে সেমিনার।

আজ শুক্রবার সকালে ঝিনাইদহ প্রেসক্লাব মিলনায়তনে সোতোকান কারাতে দো’র আয়োজনে এ সেমিনারের উদ্বোধন করা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক রথীন্দ্রনাথ রায় এ সেমিনারের উদ্বোধন করেন। সেসময় বিশেষ অতিথি হিসেবে সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) শারমিন আক্তার সুমী, বাংলাদেশ আনসার দলের কারাতের কোচ জাপানের সিহান কিতামুরা তেতসুরো, ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হানসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

আয়োজকরা জানান ২ দিন ব্যাপী এই প্রশিক্ষণে শহরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের অর্ধশত শিক্ষার্থীকে আত্মরক্ষার নানা কৌশল শেখাবেন বাংলাদেশ আনসারের কারাতে কোচ সিহান কিতামুরা তেতসুরো, জাতীয় কারাতে প্রশিক্ষক জসিম উদ্দিন, ঝিনাইদহ সোতোকান কারেতর প্রতিষ্টাতা পরিচালক কাজী আলী আহম্মেদ লিকু।

এ প্রশিক্ষণের মাধ্যমে শিক্ষার্থীরা নিজেদের রক্ষার পাশাপাশি আত্মনির্ভরশীল হয়ে উঠবে বলে তারা আশা প্রকাশ করেন।

ঝিনাইদহে স্কাউটস’র প্রতিষ্ঠাতা পাওয়েলের ১৬৭ তম জন্মবার্ষিকী উদযাপন

বাংলাদেশ স্কাউটস ঝিনাইদহ জেলা ও সদর উপজেলা শাখার ব্যবস্থাপনায় স্কাউট আন্দোলনের প্রতিষ্ঠাতা লর্ড ব্যাডেন পাওয়েল এর ১৬৭ তম

জন্ম বার্ষিকী উদযাপন করা হয়েছে।

আজ বৃহস্পতিবার (২২ ফেব্রুয়ারি) সকালে পুরাতন ডিসি কোর্ট চত্বর থেকে এক বর্নাঢ্য র্যালি বের হয়ে স্কাউটস ভবনে গিয়ে শেষ হয়।

র্যালি ও সংক্ষিপ্ত সমাবেশে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ও জেলা স্কাউটস এর সভাপতি এস এম রফিকুল ইসলাম, সদর উপজেলা নির্বাহী অফিসার ও সদর উপজেলা স্কাউটস এর সভাপতি রাজিয়া আক্তার চৌধুরী, জেলা স্কাউটসের কমিশনার রমাঃ মহিউদ্দীন, সম্পাদক মুহাম্মদ আবু বকর ছিদ্দীক, সহকারী কমিশনার মুন্সী মোঃ আবু জাফর মোহাম্মদ আলী, জেলা রোভারের কমিশনার মোঃ ফিরোজ আল হাসান, সম্পাদক নাহিদ আক্তার সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ৩’শতাধীক কাব, স্কাউট ও রোভারগণ।